

হুদ | Hud | هُود

আয়াতঃ ১১ : ৯৯

আরবি মূল আয়াত:

وَأَتَبِعُوا فِي هَذِهِ لَعْنَةً وَّ يَوْمَ الْقِيَمَةِ ۖ بِئْسَ الرِّفْدُ الْمَرْفُوذُ ۝ ۹۹ ۝

A ১ অনুবাদসমূহ:

আর এখানে (দুনিয়ায়) লান্ত তাদের পেছনে লাগিয়ে দেয়া হয়েছে এবং কিয়ামত দিবসেও। কি নিকৃষ্ট প্রতিদান, যা তাদের দেয়া হবে। — আল-বায়ান

এ দুনিয়াতেও অভিশাপ তাদের পেছনে ছুটছে আর কিয়ামাতের দিনেও। কত নিকৃষ্টই না সে পুরক্ষার যা তাদেরকে দেয়া হবে। — তাইসির়ল

এই দুনিয়ায় তাদেরকে করা হয়েছিল অভিশাপগ্রস্ত এবং অভিশাপগ্রস্ত হবে তারা কিয়ামাতের দিনেও। কত নিকৃষ্ট সেই পুরক্ষার যা তারা লাভ করবে। — মুজিবুর রহমান

And they were followed in this [world] with a curse and on the Day of Resurrection. And wretched is the gift which is given. — Sahih International

৯৯. আর অভিশাপ তাদের পেছনে লাগিয়ে দেয়া হয়েছিল এ দুনিয়ায় এবং কিয়ামতের দিনেও। কতই না নিকৃষ্ট সে পুরক্ষার যা তাদেরকে দেয়া হবে!

-

তাফসীরে জাকারিয়া

(৯৯) আর অভিশাপ তাদের সাথে সাথে রইল এই দুনিয়াতে এবং কিয়ামত দিবসেও। [1] তা হল নিকৃষ্ট পুরক্ষার যা তাদেরকে দেওয়া হবে। [2]

[1] 'লান্ত' (অভিশাপ) আল্লাহর রহমত থেকে দূর ও বঞ্চিত হওয়া। সুতরাং দুনিয়াতেও তারা আল্লাহর রহমত থেকে বঞ্চিত এবং যদি তারা ঈমান না আনে, তবে আখেরাতেও রহমত থেকে বঞ্চিত থাকবে।

[2] رِفْدٌ কোন পুরক্ষার বা দানকে বলা হয়। এখানে অভিশাপকে পুরক্ষার বলা হয়েছে। তাই তাকে অতি নিকৃষ্ট পুরক্ষার বলা হয়েছে। مَرْفُوذٌ সেই পুরক্ষার বা দানকে বলা হয়, যা কাউকে প্রদান করা হয়। এটি الرِّفْدُ এর তাকীদ স্বরূপ ব্যবহার হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1572>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন